

বিজ্ঞপ্তি

সম্মানিত শিক্ষকমণ্ডলী, অভিভাবকগণ ও শিক্ষার্থীবৃন্দ, ২০২১ খ্রীঃ আপনাদের সবাইকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি। আশা করি মহান সৃষ্টিকর্তার কৃপার সকলে সুস্থ ও স্বাভাবিক আছেন। ২০২০ খ্রীঃ ছিল আমাদের সবার জন্য একটি মহাবিপর্ষয়কারী বছর কিন্তু সৃষ্টিকর্তার অপার কৃপায় তা আমরা অতিবাহিত করে পর্দাপণ করেছি ২০২১ খ্রীঃ। আশা করি এ বছর সৃষ্টিকর্তা আমাদের আর্শীবাদ করবেন যেন নতুন বছরে নতুন উদ্দীপনা, নতুন চেতনায় ও নতুন আশায় বুকবেধে সামনের দিকে এগিয়ে চলতে পারি।

অতি আনন্দের সাথে সম্মানিত সকল শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৭/০১/২০২১ খ্রীঃ রোজ রবিবার থেকে অনলাইন ক্লাশ (গুগল ক্লাশরুম ও গুগলমিট) আরম্ভ হতে যাচ্ছে। ক্লাশরুটিন, ক্লাশ কোড ও ক্লাশের সময় স্কুল ওয়েব সাইট ও স্কুল ফেসবুক পেইজে (ব্ল্যাকবোর্ড) দেওয়া হবে।

ক্লাশরুটিন ও ক্লাশ কোড বিষয়ে অথবা অনলাইন ক্লাশে প্রবেশ করতে কোন সমস্যা হলে তা সমাধানের জন্য ব্যবহৃত মোবাইল বা ল্যাপটপ নিয়ে প্রতিষ্ঠানে সকাল ৯:০০-১১:০০ ঘটিকার মধ্যে ১০৩ নম্বর রুমে দায়িত্বরত শিক্ষকদের সাথে যোগাযোগ করে সমাধানের জন্য বলা হচ্ছে।

১ম শ্রেণির ১ম চারটি ক্লাশ ছুটির দিন ব্যতিত প্রতিদিন অনুষ্ঠিত হবে।

২য় থেকে ১২শ শ্রেণির রুটিনের ১ম চারটি ক্লাশ ১ম সপ্তাহ ধরে ক্লাশ অনুষ্ঠিত হবে। এবং টিফিনের পরের ৩টি ক্লাশ ২য় সপ্তাহ ধরে ক্লাশ অনুষ্ঠিত হবে। ১২শ শ্রেণির মডেল টেষ্ট শেষ হবার পর যথারীতি অনলাইন ক্লাশ চলবে। পরবর্তী ঘোষণা না দেওয়া পর্যন্ত পর্যায়ক্রমে অনলাইন ক্লাশ চলমান থাকবে। উল্লেখ্য, অনলাইন ক্লাশ শুরুর সপ্তাহ ১ম সপ্তাহ হিসাবে গণ্য হবে। অনলাইন ক্লাশের উপস্থিতি রেকর্ড করা হবে।

সরকার প্রদত্ত যেসকল বই এখনো স্কুলে আসেনি, সেসকল বই হাতে পাওয়ার সাথে সাথে অভিভাবক ও শিক্ষার্থীদের বিতরণের সময় ও তারিখ পরবর্তীতে নোটিশ আকারে জানিয়ে দেওয়া হবে। প্রত্যাশা করি সকল অভিভাবক ও শিক্ষার্থীবৃন্দ অনলাইন ক্লাশে অংশগ্রহণ করবে এবং শিক্ষার বিকল্প যে কিছুই নেই তা প্রমাণ করবে।

নতুন বছর ২০২১ খ্রীঃ সবার জন্য শুভ ও মঙ্গলময় হোক। প্রত্যেককে এই শুভ কামনা জানাই।

ধন্যবাদান্তে,

Br. Subrata Leo Rozano CSC

অধ্যক্ষ

Bro. Subrata Leo Rozano CSC

Principal

St. Placid's School & College

Kotowali, Chaitogram